# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 04.07.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য বিধানসভায় আগামীকাল বিশেষ অধিবেশন ডেকেছে অধ্যক্ষ।

তবে, এতো কম সময়ের নোটিশে তাদের বিধায়করা অধিবেশনে যোগ দিতে পারবেন কিনা, তা নিশ্চিত নয় বলে বিজেপি জানিয়েছে।

২) আড়িয়াদহে মা ও ছেলেকে মারধোরের ঘটনায় মূল অভিযুক্ত জয়ন্ত সিং গ্রেফতার, চারদিনের পুলিশ হেফাজত।

৩) উত্তর দিনাজপুরের চোপড়ায় সালিশিসভায় যুগলকে মারধোরের ঘটনায় পুলিশ আরও দু-জনকে গ্রেফতার করেছে।

মানবাধিকার কমিশনের চার সদস্যের একটি দল আজ সেখানে গিয়ে নির্যাতিত ও তাদের পরিবারের সঙ্গে কথা বলেন।

৪) শিক্ষা দফতরের চুক্তিভিত্তিক কর্মী এবং সিভিক ভলান্টিয়ার, হোমগার্ড, ভিলেজ পুলিশ ও আশা কর্মীদের এককালীন অবসর ভাতা বাড়ছে।

৫) রবীন্দ্র সরোবর লাগোয়া এলাকায় ক্রিকেট খেলা ও অনুশীলন চলবেনা বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

৬) মহামেডান স্পোর্টিং আগামীকাল প্রিমিয়ার লিগ ফুটবলে কালীঘাট মিলন সংঘের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভায় আগামীকাল বিশেষ অধিবেশন ডাকা হয়েছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ একথা জানিয়ে বলেন, বিধানসভার বিভিন্ন স্থায়ী কমিটির মেয়াদ বৃদ্ধি নিয়ে আলোচনা করতেই এই অধিবেশন। দুপুর দুটোয় অধিবেশন শুরু হবে। তার আগে বেলা ১২ টায় বসবে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠক। অধিবেশনের কর্মসূচী স্থির করবে ওই কমিটি।

এদিকে, বিশেষ অধিবেশনেই বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত দুই প্রার্থীকে শপথ গ্রহণ করানো হবে কিনা, তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। তবে অধ্যক্ষ এব্যাপারে স্পষ্ট ভাবে কিছু জানাননি। সাংবাদিকদের তিনি বলেন,

( বাইট – অধ্যক্ষ)

অধ্যক্ষ আরও বলেন, প্রত্যেক অধিবেশনেই শপথের বিধি আছে। আজ না হয় কাল শপথ হবেই। আইন অনুযায়ী সমাধান হবে। বিধানসভা রাজ্যপালকে ছাড়া অসহায় নয়।

এদিকে, বিজেপি দাবি করেছে, এতো কম সময়ের নোটিশে বিধানসভার অধিবেশন ডাকা অনুচিত ও অন্যায়। দলের বিধায়ক অগ্নি মিত্রা পাল আজ সাংবাদিকদের বলেন, তাদের বিধায়করা ভোট পরবর্তী হিংসা, প্রাকৃতিক দুর্যোগ এবং বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতি নিয়ে ব্যস্ত। তাই এতো কম সময়ের নোটিশে সবাই, বিশেষ করে উত্তরবঙ্গের বিধায়করা আগামীকালের অধিবেশনে যোগ দিতে পারবেন কিনা, তা তার জানা নেই। তিনি নিজেও কাল থাকতে পারবেন না বলে অগ্নিমিত্রা জানিয়ে দেন।

নব নির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ নিয়ে অধ্যক্ষের আজকের মন্তব্যের প্রেক্ষিতে শ্রীমতী পাল বলেন শপথের বিষয়টি সাংবিধানিক প্রধান হিসেবে শুধুমাত্র রাজ্যপালই স্থির করতে পারেন, অধ্যক্ষ বা মুখ্যমন্ত্রী তা পারেন না।

(বাইট – অগ্নিমিত্রা)

oooooooooooooooooooooo

ব্যারাকপুরে  রেস্তোঁরা ব্যবসায়ী তাপস ভগতকে ফোনে হুমকি দেওয়ার ঘটনায় সিআইডি অভিযুক্ত রোশন যাদব ওরফে তাঁতিয়াকে বিহারের বেগুসরাই থেকে গ্রেফতার করেছে। তাকে আজই টানজিট রিমান্ডে বিহার থেকে এনে ব্যারাকপুর আদালতে তোলা হলে ১৪ দিনের সি আই ডি হেফাজতে পাঠানো হয়। ধৃত তাতিয়া মনীশ শুক্ল খুনের ঘটনাতেও জড়িত ছিল বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার আড়িয়াদহে মা ও তাঁর কলেজ পড়ুয়া ছেলেকে রাস্তায় ফেলে    বেধড়ক মারধোরের ঘটনায় মূল অভিযুক্ত জয়ন্ত সিং-কে বেলঘরিয়া থানার পুলিশ গ্রেপ্তার করেছে। তৃণমূল কংগ্রেস ঘনিষ্ঠ হিসেবে পরিচিত এই দুষ্কৃতীকে আজ সকালে বনহুগলীতে ISI-এর সামনে থেকে ধরা হয়। ব্যারাকপুর আদালত তাকে 8 দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। এই নিয়ে গত রবিবার রাতের ওই ঘটনায় ৯'জনকে গ্রেপ্তার করা হলো।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী বলেছেন, ঘটনার চারদিন পর জয়ন্তর গ্রেফতারের পেছনে সবচেয়ে বেশি অবদান সংবাদ মাধ্যমের। তাদের লাগাতার সমালোচনার ফলেই, রাজ্য সরকার ও পুলিশ এই গ্রেফতারে বাধ্য হয়েছে।

অপরাধীদের সঙ্গে শাসক দলের ঘনিষ্ঠতাই এখন এরাজ্যের আসল চেহারা বলে তিনি মন্তব্য করেন।

(বাইট – অধীর)

অন্যদিকে, আড়িয়াদহের ঘটনায় ধরপাকোড়ের মধ্যেই ব্যারাকপুরে রাতের অন্ধকারে এক যুবককে রাস্তায় ফেলে রড দিয়ে পেটানোর অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে। দিলীপ প্রামাণিক নামে ওই যুবক রক্তাক্ত অবস্থায় দীর্ঘক্ষণ রাস্তার ওপর পড়ে থাকেন। সাগরদত্ত মেডিকেল কলেজ হাসপাতালে তিনি চিকিৎসাধীন। এই ঘটনায় স্থানীয় দুষ্কৃতি মহম্মদ সাদ্দাম খান ও মহম্মদ ইমরান নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে তাদের। শাসক দলের সঙ্গে এদের যোগাযোগ নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তর্জা।

oooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জন্য সালিশিসভায় এক তরুণ-তরুণীকে বেধড়ক মারধোরের ঘটনায় পুলিশ আরও ২ জনকে গ্রেফতার করেছে। ধৃত আবদুল রৌফ ও তাহেরুল ইসলাম লক্ষ্মীপুর এলাকার বাসিন্দা। এদের আজ ইসলামপুর আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। এই নিয়ে মূল অভিযুক্ত তাজিমূল ইসলাম সহ চারজন গ্রেপ্তার হল।

ooooooooooooooooo

জাতীয় মানবাধিকার কমিশনের চার সদস্যের একটি দল আজ চোপড়ায় গিয়ে নির্যাতিত যুগল ও তাদের পরিবারের সঙ্গে কথা বলেন। টানা দুই ঘণ্টা তারা ওই যুবক- যুবতীর সঙ্গে কথা বলে বয়ান রেকর্ড করেন। পরিবারের অন্য

সদস্যদের পাশাপাশি কিছু প্রতিবেশীকেও জিজ্ঞাসাবাদ করা হয়। তবে, কি নিয়ে কথাবার্তা হয়েছে, তারা তা কিছু জানাননি। এরপর ওই প্রতিনিধি দলটি যান লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েতে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ঘটনার দিন থেকে নির্যাতিত যুবক – যুবতী একই বাড়িতে রয়েছেন। তারা দোষীদের উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন মানবাধিকার কমিশনের কাছে।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি-র এক প্রতিনিধি দলও আজ চোপড়ায় যান। তারা কথা বলেন, থানার আই সি-র সঙ্গে। পরে শুভেন্দু সাংবাদিকদের বলেন, সেদিন যেভাবে ওই দু-জনকে বিশেষত মহিলাকে মারধোর করা হয়েছে, তার সিবিআই তদন্ত হওয়া উচিত। যে ঘটনা সেদিন ঘটেছে, সে জন্য একজন ভারতবাসী হিসেবে তাঁর মাথা হেঁট হয়ে গেছে। চোপড়ায় শাসক দল ভোট লুঠ করে জিতেছে বলেও তিনি দাবি করেন।

এর আগে রায়গঞ্জে বিধানসভার উপ-নির্বাচনের প্রচারে গিয়েও শুভেন্দুবাবু চোপড়ার ঘটনার তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, চারিদিকে, যা হচ্ছে, তা অত্যন্ত লজ্জাজনক।

(বাইট - শুভেন্দু)

প্রশাসনের সংবিধানের প্রতি কোন দায়বদ্ধতা নেই। পুলিশও রাজনীতি করছে। আর সেজন্যই, বিজেপি-র পুলিশ – প্রশাসনের সংঘাত বাধছে।

তাদের দলের প্রচারে বাধা সৃষ্টি করা হচ্ছে অভিযোগ করে, শুভেন্দু বলেন, এর বিরুদ্ধে তারা সাধারণ ও পুলিশ পর্যবেক্ষকের কাছে লিখিত অভিযোগ দায়ের করবেন। আগামীকাল উত্তরবঙ্গে তাদের দলের বিধায়করা রায়গঞ্জ থানার সামনে

এর বিরুদ্ধে ধর্নায় বসবেন বলেও তিনি জানিয়েছেন। জনসভায় কংগ্রেস ও সিপিআইএম-এর সমালোচনাতেও সরব হন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহার ও চোপড়ার ঘটনায় সিবিআই তদন্তের দাবিতে বিজেপি রাজ্যপালের দ্বারস্থ হয়েছে। বিধায়ক অগ্নিমিত্রা পালের নেতৃত্বে পরিষদীয় দলের মহিলা সদস্য ও মহিলা মোর্চার সদস্যরা রাজভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করে এই দাবি জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রীমতি পাল অভিযোগ করেন,রাজ্যে পুলিশের ভূমিকা অত্যন্ত চিন্তার বিষয়। কোচবিহারের নারী নিগ্রহের ঘটনায় পুলিশ প্রথমে অভিযোগ নেয়নি এবং পরে অত্যন্ত লঘু ধারায় অভিযোগ নেওয়ার ফলে অপরাধীরা গ্রেপ্তারের পরের দিনই মুক্তি পেয়ে গেছে। পাশাপাশি চোপড়ার ঘটনাতেও যে ভিডিও প্রকাশ্যে এনেছে,তার বিরুদ্ধে মামলা করতে আক্রান্ত মহিলার উপর চাপ সৃষ্টি করা হয়েছে। প্রসঙ্গত রাজ্যের পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর ভূমিকাও অত্যন্ত নিন্দনীয় বলে শ্রীমতি পাল দাবি করেন। প্রতিনিধি দলে মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র উপস্থিত রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান শহরের বাদামতলা এলাকায় জিটি রোডের পাশের লজ থেকে মহিলার দেহ উদ্ধার হওয়ার ঘটনায় অভিযুক্তকে ঝাড়খণ্ড থেকে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ । ধৃত মহম্মদ নজরুল খান বর্ধমানের খাগড়াগড়ের বাসিন্দা। ঘটনার পরই সে ঝাড়খণ্ডে গা-ঢাকা দেয়। সেখানকার লোহারদাগা জেলার কুরুবাজার এলাকা থেকে গত রাতে তাকে গ্রেপ্তার করা হয় । ধৃতকে আজ বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে ৫ দিনের পুলিসি হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

পুলিস জানিয়েছে, গত ৩০ জুন বেলা ১২টা ৫০ নাগাদ মহিলা সঙ্গী পায়েল বেগমকে নিয়ে লজে আসে নজরুল। তারা সেখানে রুম ভাড়া নেয়। বেলা ১টা ৪৫ নাগাদ হোটেল থেকে চেক আউট করে বেরিয়ে যায় নজরুল। কিছুক্ষণ পর ঘর পরিস্কার করতে গিয়ে পায়েলকে খাটের মধ্যে ওড়না দিয়ে গলায় ফাঁস লাগানো অবস্থায় পড়ে থাকতে দেখেন এক কর্মী। খবর পেয়ে পুলিস লজে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়না তদন্তে পাঠায়। ঘটনার বিষয়ে লজের ম্যানেজার বিকাশ চন্দ্র মণ্ডল থানায় অভিযোগ দায়ের করেন।

oooooooooooooooo

শিক্ষা দফতরের চুক্তিভিত্তিক কর্মীদের এককালীন অবসরভাতা বাড়ছে। ২-৩ লক্ষ টাকা থেকে তা বেড়ে হল ৫ লক্ষ টাকা। এক্স হ্যান্ডেলে আজ একথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। চলতি বছরের ১ এপ্রিল থেকে এই বর্ধিত ভাতা কার্যকর হবে বলে তিনি জানিয়েছেন। এই সুবিধা পাবেন প্যারা টিচার, অ্যাকাডেমিক সুপারভাইজার, চুক্তিভিত্তিক উচ্চমাধ্যমিক শিক্ষক এবং এস.এস.কে, এম.এস.কে-র শিক্ষাকর্মীরা।

এছাড়াও সিভিক ভলেন্টিয়ার, হোমগার্ড ভলেন্টিয়ার, ভিলেজ পুলিশ, আশা কর্মীদের অবসরকালীন ভাতার পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

oooooooooooooooooooooo

NEET UG, UGC NET সহ একাধিক প্রবেশিকা পরীক্ষা স্বচ্ছ ভাবে পরিচালনায় কেন্দ্রীয় সরকার প্রতিজ্ঞাবদ্ধ। সাম্প্রতিক প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় চক্রান্তকারীদের সাজা দিতে কাজ চালাচ্ছে তদন্তকারী সংস্থা। এই বিষয়ে আজ শুনবেন একটি বিশেষ আলোচনা- **পরীক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা**। প্রযুক্তিবিদ ও অর্থনৈতিক বিশ্লেষক সুদীপ্ত গুহর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গ এবং DTH বাংলায়। একইসঙ্গে আমাদের সবকটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারিত হবে।

oooooooooooooooooo

পয়লা জুলাই থেকে দেশে বলবৎ হয়েছে তিনটি নতুন ফৌজদারী আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম। নতুন আইনে শিশু ও নারীদের নিরাপত্তার ওপর জোর দেয়া, দেশের যে কোন প্রান্ত থেকে E FIR করা, গ্রেপ্তারির কারণ জানাতে পুলিশকে বাধ্য করা, গণ পিটুনি বা ছিনতাইকে নির্দিষ্ট ধারার আওতায় আনা সহ বহু বিষয় রয়েছে যা সাধারণ মানুষের স্বার্থসংশ্লিষ্ট। নতুন আইনের জনমুখী বিভিন্ন দিক নিয়ে সচেতনতার উদ্দেশ্যে আকাশবানী কোলকাতার সংবাদ বিভাগ আগামীকাল শুক্রবার রাত সাড়ে নটায় এক বিশেষ আলোচনা সম্প্রচার করবে। WEST BENGAL NATIONAL UNIVERSITY OF JURIDICAL SCIENCES এর অধ্যাপক Dr. সূর্য কান্ত বালাধিকারীর সঙ্গে কথা বলবেন শঙ্কর মুখোপাধ্যায়।

অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গ এবং DTH বাংলা পরিষেবায় শোনা যাবে।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দেশ বাঁচাও গণমঞ্চের সদস্যদের সঙ্গে আলোচনায় বসেন। আলিপুরের সৌজন্য প্রেক্ষাগৃহে আজ ওই সংগঠনের সঙ্গে বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন তিনি। রাজ্যের সাম্প্রতিক বিভিন্ন বিষয় নিয়ে এই মঞ্চের বক্তব্য ও ভাবনা শোনেন মুখ্যমন্ত্রী।

ooooooooooooooooooooo

রবীন্দ্র সরোবর লাগোয়া এলাকায় ক্রিকেট খেলা ও অনুশীলন চলবে না বলে নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। আজ এনিয়ে জনস্বার্থ মামলার শুনানিতে ওই বিষয়ে রাজ্যের কাছে হলফনামা চেয়েছে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ।

রবীন্দ্র সরোবরের ৯৮ কাঠা জমিতে ক্রিকেট অনুশীলনের জন্য একটি সংস্থাকে ব্যবহার করার অনুমতি দেয় কেএমডিএ। গাছ কাটার অভিযোগও ওঠে। এর ফলে পরিবেশ নষ্টের অভিযোগ তুলে জনস্বার্থ মামলা দায়ের করে সবুজ মঞ্চ নামে একটি সংগঠন। ২৫ জুলাই মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০

মহামেডান স্পোর্টিং আগামীকাল প্রিমিয়ার লীগ ফুটবলে কালীঘাট মিলন সংঘর বিরূদ্ধে খেলবে। মহামেডান স্পোর্টিং মাঠে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। মহামেডান স্পোর্টিং দু ম্যাচে চার পয়েন্ট সংগ্রহ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০